



ঈদুল ফিতর উপলক্ষে টানা সাত দিনের সরকারি ছুটি



সংগৃহীত ছবি

পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে সরকারি ছুটি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। আগে ঘোষিত ছুটির সঙ্গে আরও একদিন যোগ হওয়ায় এবার টানা সাত দিনের ছুটি পাচ্ছেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা।

বৃহস্পতিবার (৫ মার্চ) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। নাগরিকদের নির্বিঘ্নে বাড়ি ফেরা এবং পরিবার-পরিজনদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করার সুযোগ করে দিতেই অতিরিক্ত একদিন ছুটি যুক্ত করার প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

চাঁদ দেখার ওপর নির্ভর করে আগামী ২০ বা ২১ মার্চ পবিত্র ঈদুল ফিতর পালিত হতে পারে। সম্ভাব্য তারিখ ধরে আগেই পাঁচ দিনের ছুটির সময়সূচি নির্ধারণ করেছিল জনপ্রশাসন মন্ত্রণালয়। সে অনুযায়ী ১৯ মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত সরকারি ছুটি ঘোষণা করা হয়েছিল।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী এই ছুটির সঙ্গে ১৮ মার্চও যুক্ত হচ্ছে। ফলে ঈদের আগের দিন থেকেই দীর্ঘ ছুটির সূচনা হবে।

এর আগে ১৭ মার্চ পবিত্র শবে কদর উপলক্ষে সরকারি ছুটি রয়েছে। সব মিলিয়ে ঈদকে ঘিরে এবার টানা সাত দিনের ছুটি ভোগের সুযোগ পাচ্ছেন সরকারি কর্মচারীরা।